



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬



ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: [registrar@cou.ac.bd](mailto:registrar@cou.ac.bd), website: [www.cou.ac.bd](http://www.cou.ac.bd)

স্মারক নং- কু.বি./মেডি.সেন্টার/এম্বুলেন্স ব্যবস্থাপনা-৩/২০২২/৪৭৬

তারিখ: ২৭/০৯/২০২২খ্রি.

## অফিস আদেশ

অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের নিয়ন্ত্রণে পরিচালিত এম্বুলেন্স সার্ভিস সুচারুভাবে পরিচালনার স্বার্থে মেডিকেল সেন্টারে কর্মরত সেকশন অফিসার জনাব মোহাম্মদ আলী হাসান নেওয়াজ-কে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হ'ল।

অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে নিয়োজিত এম্বুলেন্স ব্যবহারের নীতিমালা প্রণয়ন পূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংলাগ: বর্ণনা মোতাবেক।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-

*A. H. H. H. H. H.*  
29/09/2022

(মোঃ আমিরুল হক চৌধুরী)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

### সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে বিতরণ:


- ১। ডিন (বিজ্ঞান/কলা ও মানবিক/সামাজিক বিজ্ঞান/আইন/প্রকৌশল/বিজনেস স্টাডিজ) অনুষদ, কু.বি.।
- ২। বিভাগীয় প্রধান/ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান (গণিত/পদার্থবিজ্ঞান/রসায়ন/পরিসংখ্যান/ফার্মেসী/ইংরেজি/বাংলা/লোক প্রশাসন/ অর্থনীতি/নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/আইন/সিএসই/আইসিটি/এআইএস/মার্কেটিং/ব্যবস্থাপনা শিক্ষা/ফিন্যান্স এন্ড ব্যাংকিং) বিভাগ, কু.বি.।
- ৩। প্রভোস্ট (কাজী নজরুল ইসলাম/শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত/নওয়াব ফয়জুল্লাহ চৌধুরাণী/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান/শেখ হাসিনা) হল, কু.বি.।
- ৪। প্রক্টর, কু.বি.।
- ৫। পরিচালক, আইকিউএসি/ছাত্র পরামর্শক ও নির্দেশনা, কু.বি.।
- ৬। দপ্তর/শাখা প্রধান (পরিচালকের কার্যালয় (অর্থ ও হিসাব)/পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়/পরিকল্পনা ও উন্নয়ন কার্যালয়/কেন্দ্রীয় লাইব্রেরী কার্যালয়/ প্রকৌশল কার্যালয়/পরিচালকের কার্যালয় (নেটওয়ার্কিং এন্ড আইটি)/শারীরিক শিক্ষা কার্যালয়/জনসংযোগ কার্যালয়/নিরাপত্তা শাখা/এস্টেট শাখা/সংস্থাপন শাখা/একাডেমিক শাখা/কাউন্সিল শাখা/কেন্দ্রীয় স্টোর/পরিবহন পুল/মেডিক্যাল সেন্টার/কেন্দ্রীয় মসজিদ), কু.বি.।
- ৭। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
- ৮। পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
- ৯। পি এ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
- ১০। অফিস কপি।

(সংযুক্তি-০১)

এম্বুলেন্স ব্যবহারের সাধারণ নীতিমালা:

- ১। শুধুমাত্র জরুরী চিকিৎসার ক্ষেত্রে উচ্চতর চিকিৎসা কেন্দ্রে রোগী স্থানান্তরের প্রয়োজনে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র আবাসিক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ রোগীর অবস্থা বিবেচনায় এম্বুলেন্স ব্যবহারের সুযোগ পাবেন।
- ২। পর্যায়ক্রমে রোগীর অবস্থা বিবেচনায় চিকিৎসকগণের পরামর্শক্রমে কুমিল্লা শহরে চিকিৎসার উদ্দেশ্যে রোগী আনা নেওয়া করবেন। তবে রোগী ভর্তি বা পরীক্ষা নিরীক্ষার ক্ষেত্রে অপেক্ষা করতে হলে এম্বুলেন্স ছেড়ে দিতে হবে।
- ৩। জরুরী চিকিৎসা প্রয়োজনে শিক্ষার্থীগণ নিজ বিভাগের শিক্ষক/ছাত্র-উপদেষ্টার মাধ্যমে চিকিৎসক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করে এম্বুলেন্স ব্যবহার করবেন।
- ৪। রাত্রিকালীন জরুরী প্রয়োজনে ক্যাম্পাস ও নিকটবর্তী স্থানে বসবাসরত ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ কু.বি মেডিকেল সেন্টারের চিকিৎসক/এম্বুলেন্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবেন। কোন কারণে অবহিতকরনে ব্যর্থ হলে পরিবহন প্রশাসক/হল প্রভোস্ট/ছাত্র-উপদেষ্টা/বিভাগীয় প্রধান এর অনুমতি সাপেক্ষে এম্বুলেন্স ব্যবহার করা যাবে।
- ৫। অতীব জরুরী ক্ষেত্রে চিকিৎসার প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষের (ট্রেজারার মহোদয়/পরিবহন প্রশাসক) অনুমতিক্রমে কুমিল্লার জেলার বাহিরে এম্বুলেন্স যেতে হলে গাড়ীর যাবতীয় খরচ রোগীর পক্ষ নিজে বহন করবেন।
- ৬। চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনে দাপ্তরিক কাজে ব্যাঘাত না ঘটিয়ে মেডিকেল দপ্তর এম্বুলেন্স ব্যবহার করতে পারবেন।
- ৭। চিকিৎসা বর্হিভূত কোন কাজে এম্বুলেন্স ব্যবহার করা সম্পূর্ণরূপে নিষেধ।

বিঃদ্র: কর্তৃপক্ষের নির্দেশক্রমে এম্বুলেন্স ব্যবহারই চূড়ান্ত।

  
Dr. Mahmudul Hasan Khan  
MBBS, D-Ortho (BSMMU)  
Deputy Chief Medical Officer  
Comilla University Medical Centre  
Comilla University, Comilla.